

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬১৫

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (کتاب البيوع)

পরিচ্ছেদঃ ৪০. খাদ্য ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে সমান-সমান না হওয়া প্রসঙ্গে

باب فِي بَيْعِ الطَّعَامِ مِثْلًا بِمِثْلٍ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْلَمَةَ حَدَّقَنَا سُلَيْمَانُ هُوَ ابْنُ بِلَالٍ عَنْ عَبْدِ الْمَجِيدِ بْنِ سُهَيْلِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ أَنَّهُ سَمِعَ سَعِيدَ بْنَ الْمُسَيَّبِ يُحَدِّثُ أَنَّ أَبًا سَعِيدٍ الْخُدْرِيُّ وَأَبَا هُرَيْرَةَ عَدَّالُهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعَثَ أَخَا بَنِي عَدِي الْأَنْصَارِيَّ فَاسْتَعْمَلَهُ عَلَى خَيْبَرَ فَقَدِمَ بِتَمْرٍ جَنِيبٍ قَالَ ابْنُ مَسْلَمَةَ يَعْنِي جَيِّدًا فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَكُلُّ تَمْرِ جَنِيبٍ قَالَ ابْنُ مَسْلَمَةَ يَعْنِي جَيِّدًا فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَكُلُّ تَمْرِ خَيْبَرَ هَكَذَا قَالَ لَا وَاللَّهِ يَا رَسُولَ اللَّهِ إِنَّا لَنَشْتَرِي الصَّاعَ عَلَيْهِ وَسَلَّمَ لَا لَنَهُ إِنَّا لَنَشْتُرِي الصَّاعَ بِالصَّاعَيْنِ مِنْ الْجَمْعِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا تَفْعَلُوا وَلَكِنْ مِثْلًا بِمِثْلِ بِالصَّاعَيْنِ مِنْ الْجَمْعِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا تَفْعَلُوا وَلَكِنْ مِثْلًا بِمِثْلً إِلَى الصَّاعَ فَي بِيعُوا هَذَا وَاشْتَرُوا بِتَمَنِهِ مِنْ هَذَا وَكَذَلِكَ الْمِيزَانُ

বাংলা

২৬১৫. আবৃ সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু ও আবু হুরাইরাহ্ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত যে, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বনী আদী আল আনসারী'র ভাইকে খায়বারে (তহসীলদার) নিযুক্ত করেন। সে জানীব নামক (রাবী মাসলামাহ এর ব্যাখ্যায় বলেন, অর্থাৎ-উত্তম) খেজুর নিয়ে উপস্থিত হলে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞেস করলেন, "খায়বারের সব খেজুর কি এ রকমের?" সে বলল, না, আল্লাহর কসম, হে আল্লাহর রাসূল! এরূপ নয়, বরং আমরা দু' সা' (সাধারণ খেজুর)- এর পরিবর্তে এ ধরনের এক সা' খেজুর একত্রে ক্রয় করে থাকি এবং তখন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "এরূপ করবে না। তবে সমপরিমান এর বিনিময়ে অনুরূপ পরিমান করে (বিনিময় করবে) অথবা, এ (মিশ্রিত) খেজুর বিক্রি করে এর মুল্য দিয়ে জানীব খেজুর ক্রয় করবে। আর এটাই হলো নিয়ম।"[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।



তাখরীজ: বুখারী, বুয়ূ ২২০১, ২২০২, ই'তিসাম বিসসুন্নাহ ৩৭৫০, ৩৭৫১; মুসলিম, মাসাকাত ১৫৯৩।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫০২১ তে।

সংযোজনী: এছাড়াও, তাহাবী, মুশকিলিল আছার ২/১২২, মা'আনিল আছার ৪/৬৭; ইবনু আব্দুল বারর, আত তামহীদ ৫/১২৭-১২৮; বাইহাকী ৫/২৯১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন